

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.১৭৬

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০
০৩ আগস্ট ২০২৩

বিষয়: খাদ্যবান্ধব কর্মসূচির জন্য বরাদ্দকৃত চাল উত্তোলন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্যশস্য সংরক্ষণের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে খাদ্যবান্ধব কর্মসূচির আগামী সেপ্টেম্বর ও অক্টোবর ২০২৩ মাসের বরাদ্দকৃত চাল উত্তোলনের জন্য নিম্নবর্ণিত শর্তে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

- (১) প্রতিটি ডিলার আগামী ১৬-২২ আগস্ট ২০২৩ খ্রি. তারিখের মধ্যে সেপ্টেম্বর ও অক্টোবর মাসের চাল উত্তোলন করবেন;
- (২) ডিলারগণ একাধিকবার বরাদ্দকৃত চাল উত্তোলন করে বিতরণ করতে পারবেন;
- (৩) দুই মাসের বরাদ্দকৃত উত্তোলিত চাল একত্রে উপকারভোগীদের মাঝে ১৬-২২ আগস্ট/২০২৩ খ্রি. তারিখ এর মধ্যে সঠিকভাবে বিতরণ নিশ্চিত করতে হবে;
- (৪) ডব্লিউএফপি কর্তৃক সরবরাহকৃত কার্নেল দিয়ে ২২টি উপজেলায় কার্নেলসহ খাদ্যবান্ধব কর্মসূচি বাস্তবায়নের প্রস্তাব পাওয়া গেছে। ২২টি উপজেলার খাদ্যবান্ধব কর্মসূচির বরাদ্দ ব্যতীত অবশিষ্ট সমুদয় বরাদ্দ উল্লিখিত সময়ে বিতরণ করতে হবে।
- (৫) ডব্লিউএফপির প্রস্তাবিত উপজেলাসমূহ উপযুক্ত বিবেচিত না হলে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, আংশিক বা সম্পূর্ণ পরিবর্তন করে ২২টি উপজেলা নির্ধারণ করতে পারবেন এবং সেমতে কার্যক্রম গ্রহণ করতে পারবেন।

০২। এমতাবস্থায়, এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : তালিকা ১ ফর্দ

মহাপরিচালক (শ্রেণি-১)
মহাপরিচালকের দপ্তর
খাদ্য অধিদপ্তর

৮-৮-২০২৩

কুল প্রদীপ চাকমা
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪৬১৬

ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮

ইমেইল: dssupply1@mofood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৫১.০০১.১৭.১৭৬/১(৬৬)

তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩০
০৩ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক (সকল) [খাদ্য বান্ধব কর্মসূচির চাল উত্তোলন ও বিতরণ কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় তদারকি ও দিকনির্দেশনা প্রদানের অনুরোধসহ]
- ২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়

৮-৮-২০২৩

কুল প্রদীপ চাকমা
উপসচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



খাদ্য অধিদপ্তর
সরবরাহ, কন্টন ও বিপণন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.৫৪২

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০

১৩ আগস্ট ২০২৩

উপর্যুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে ০১ (এক) পাতা সংযুক্তিসহ প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ

১। বিশ্ব খাদ্য কর্মসূচির পত্র -০১(এক) পাতা।

১৩-৮-২০২৩

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা
উপপরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭

ইমেইল: dg@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০০১.২০.৫৪২/১(৬৮)

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩০

১৩ আগস্ট ২০২৩

সদয় অবগতি / অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) উপসচিব, সরবরাহ-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়
- ৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৫) ডা: মোহাম্মদ মাহবুবুর রহমান, সিনিয়র প্রোগ্রাম পলিসি অফিসার, বিশ্ব খাদ্য কর্মসূচি।

১৩-৮-২০২৩

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা
উপপরিচালক


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
২৯৯, পশ্চিম জুরাইন (নতুন রাস্তা)
শ্যামপুর, ঢাকা-১২০৪
www.food.dhakadiv.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০০০.৬৮.০১০.২২.৩৯৪০

তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৪ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০১(এক) পাতা।



১৪-০৮-২০২৩
জি. এম. ফারুক হোসেন পাটওয়ারী
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

জেলা খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/নারায়নগঞ্জ/গাজীপুর/নরসিংদী/মুন্সীগঞ্জ/মানিকগঞ্জ/টাংগাইল/কিশোরগঞ্জ/ফরিদপুর/রাজবাড়ী/গোপালগঞ্জ/মাদারীপুর/শরীয়তপুর।।

